তোমরা ধৈর্য ধারণ কর। কারণ, এখন যে যুগ আসবে তার পরবর্তী যুগ ওর চেয়ে খারাপ হবে, যতক্ষণ না তোমরা তোমাদের প্রভূর সঙ্গে সাক্ষাৎ করবে।

যুবাইর ইবন আদী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, আমরা আনাস ইবন মালেক রাদিয়াল্লাহু ‘আনহুর নিকটে এলাম এবং তাঁর কাছে হাজ্জাজের অত্যাচারের অভিযোগ করলাম। তিনি বললেন, ‘তোমরা ধৈর্য ধারণ কর। কারণ, এখন যে যুগ আসবে তার পরবর্তী যুগ ওর চেয়ে খারাপ হবে, যতক্ষণ না তোমরা তোমাদের প্রভুর সঙ্গে সাক্ষাৎ করবে।’ (আনাস রাদিয়াল্লাহু ‘আনহু বলেন,) ‘এ কথা আমি তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে শুনেছি।’
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

যুবাইর ইবন আদী রাদিয়াল্লাহু ‘আনহু এক দল লোক নিয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খাদেম আনাস ইবন মালেক রাদিয়াল্লাহু ‘আনহুর নিকটে আসলেন এবং তাঁর কাছে উমাইয়্যাহ খলিফাদের একজন গভর্নর হাজ্জাজ ইবন ইউসূফ আস-সাকাফীর অভিযোগ করলেন। আর তিনি (হাজ্জাজ) ছিলেন আত্যাচার ও রক্তপাতে প্রসিদ্ধ। তিনি ছিলেন প্রভাবশালী ও একগুয়ে। অতঃপর আনাস রাদিয়াল্লাহু ‘আনহু তাদেরকে রাষ্ট্রীয় গভর্নরের অবিচারের ওপর ধৈর্য ধারণ করার পরামর্শ দিলেন। এরপর তাদের জানালেন যে, এখন যে যুগ আসবে তার পরবর্তী যুগ এর চেয়ে খারাপ হবে, যতক্ষণ না তারা তাদের প্রভূর সঙ্গে সাক্ষাৎ করবে।’ আর এ কথা আনাছ রাদিয়াল্লাহু ‘আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে শুনেছেন। খারাপ বলতে পুরোপুরি খারাপ বুঝানো হয় নি। বরং কখনো খারাপ হতে পারে আবার কখনও ভালো হতে পারে।

http://sunnah.global/hadeeth/bn/show/4953